সমৃদ্ধ লালমনিরহাট সমৃদ্ধ লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

বিষয় : ডিসেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	০৮-১২-২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল- ১০.৩০ টা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-“ক”, উপস্থিত প্রতিনিধিবৃন্দ পরিশিষ্ট- ”খ”, অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে) পরিশিষ্ট- “গ” এবং অনুপস্থিত সদস্যবৃন্দের (অনুমতি ব্যতীত) বিবরণী পরিশিষ্ট “ঘ” তে দেখানো হলো।

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

আলোচ্যসূচি- ০১ : গত সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত।

১২ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধন, সংযোজন ও পরিমার্জন করার বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অনুমোদিত কার্যবিবরণীর কপি সকল সদস্য বরাবর ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি- ০২ : জেলার আইন-শৃঙ্খলার সার্বিক পরিস্থিতি।

এ জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এ অবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহ্বান জানানো হয়। এছাড়া জঙ্গীবাদ, সন্ত্রাস ও নাশকতা নির্মূলে সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহায়তা প্রদান করতে সকলকে অনুরোধ জানানো হয়। অতঃপর জেলার আইন-শৃঙ্খলার সার্বিক পরিস্থিতিসহ বিভাগওয়ারি আলোচনা সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

ক্রঃ নং	বিভাগ/প্রতিষ্ঠান/ বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

০১	পুলিশ বিভাগ, লালমনিরহাট	পুলিশ সুপার, লালমনিরহাটের নিকট হতে প্রাপ্ত এ জেলার নভেম্বর, ২০১৯ মাসের অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় বিবেচ্য মাসে সংঘটিত অপরাধের মধ্যে খখুন-০২টি, ধর্ষণ-৭টি, নারী নির্যাতন- ৯টি, সিঁধেল চুরি-১টি, গরু চুরি-২টি, অন্যান্য চুরি-২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৭৪টি, চোরাচালান প্রতিরোধ আইনে- ৮টি ও অন্যান্য আইনে ৪৮টি মামলাসহ সর্বমোট ১৫৩টি মামলা দায়ের হয়েছে যা পূর্ববর্তী মাসের চেয়ে ২১টি মামলা কম এবং পূর্ববর্তী বছরের একই মাসের চেয়ে ৫টি মামলা বেশী। সভায় পুলিশ সুপার, লালমনিরহাট বলেন, এ মাসে ডাকাতি, দস্যুতা, দাঙ্গা, অপহরণর কোন মামলা হয়নি। মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার হওয়ার কারণেই মামলার সংখ্যা বেড়েছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে। সভাপতি বলেন যে, বিভিন্ন পত্র-পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দেখা যায়, কোন ব্যাক্তিক থানায় গেলে মামলা নেয়া হয় না। আমাদের এ জেলায় এ ধরণের ঘটনা হয় কিনা। সভায় অতিরিক্ত পুলিশ সুপার জানান যে, থানায় কেউ অভিযোগ নিয়ে গেলে প্রথমে সেটি তদন্ত করে ঘটনার সত্যতা পাওয়া গেলে পরে মামলা নেয়া হয়। সকল অভিযোগ মামলা আকারে নেয়া হলে মামলার সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পাবে। সভায় আরও জানানো হয় যে, আদালত হতে যে সকল মামলা থানায় গ্রহণের জন্য প্রেরণ করা হয় সে সকল মামলা গ্রহণ করা হয়। আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, মাদক, খুন, ধর্ষণ ও নারী নির্যাতন সংক্রান্ত অপরাধ বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে থানায় যেন কেউ মামলা করতে এসে ফেরত না যায় তা তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। সংঘটিত অপরাধসমূহ সুষ্ঠুভাবে তদন্ত করে অপরাধের গুরুত্ব বিবেচনায় নিয়ে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাদকের অভিযান জোরদার করে মাদক নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১।সংঘটিত অপরাধসমূহ সুষ্ঠুভাবে তদন্ত করে অপরাধের গুরুত্ব বিবেচনায় নিয়ে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করত হবে। ২। মাদকের অভিযান জোরদার করে মাদক নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩) থানায় কেউ মামলা করতে গেলে সে সকল মামলা গ্রহণ করতে হবে।	পুলিশ সুপার, লালমনিরহাট
২	পুলিশ বিভাগ/ বিজিবি/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক চোরাচালান ও মাদক বিরোধী অভিযান সংক্রান্ত।	১(ক) নভেম্বর, ২০১৯ খ্রি: মাসে পুলিশ বিভাগ কর্তৃক ৭১টি অভিযানে ভারতীয় গরু-১৩ টি, গাঁজা-২২২.২০০ কেজি, ফেন্সিডিল- ৭০১ বোতল ইয়াবা- ২৩০৫ পিস, হেরোইন-২ পুরিয়া, বিদেশী মদ-১ বোতল আটক করা হয়েছে। উদ্ধারকৃত আলামতের আনুমানিক মূল্য ৪২,৬৯,১০০/- (বিয়াল্লিশ লক্ষ উনসত্তর হাজার একশত) টাকা মাত্র। চোরাচালান আইনে দায়েরকৃত মামলার সংখ্যা – ০৫ টি, মাদকদ্রব্য আইনে ৬৬ টি এবং জিডি মূলে ০২টি মামলা দায়ের হয়েছে। গ্রেফতারকৃত আসামীর সংখ্যা ৮২ জন। (খ) বিবেচ্যমাসে বিজিবি, লালমনিরহাট কর্তৃক ৪৯০১ টি অভিযানে বিদেশী মদ-২৫০ বোতল, ভারতীয় গাঁজা-২৯.৬ কেজি, ভারতীয় ফেন্সিডিল-৭৬৯ বোতল, ইয়াবা-৯৫ পিস, ইস্কাপ সিরাপ-৯১ বোতল, ভুটানি বিয়ার-০২ বোতল, ভারতীয় চুইঝাল-৬১০ কেজি, চাপাতা-৪০৭ কেজি, ভারতীয় গরু-১৮৫টি, বস্তা-৩৮টি, মোটর সাইকেল-০৫টি, ধান বীজ-৪৬ কেজি, বাই সাইকেল-১৫টি, ক্রীম-৭৪,৮০০/	১।কুলাঘাট, চন্দ্রপর ও দহগ্রাম রুটসহ চোরাচালানের রুট গুলোতে অস্থায়ীভাবে চেকপোস্ট স্থাপন করে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে। ২। ধারাবাহিকভাবে যানবাহনের লাইসেন্স ও ড্রাইভিং লাইসেন্স চেকিং করে মাদকসেবী চিহ্নিত করতে হবে।	১. পুলিশ সুপার, লালমনিরহাট। ২.অধিনায়ক, ১৫ বিজিবি, লালমনিরহাট। ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ৪. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

		টাকার, ব্লেজার-১,৩২,০০০/ টাকার, অটো বাইক-০২টি, ভারতীয় শাড়ী-২৮১০ পিস, ভারতীয় শাল চাদর-৩৮ পিস, চুলা-০৮টি, ফ্রাইপেন-০২টি, লবন-৫০ কেজি, ভারতীয় বাদাম বীজ-৪৫ কেজি, ভারতীয় সুপারি-১৭৫০টি, ভারতীয় ইমামী সেভেন অয়েল-১৪৫ বোতল, ভারতীয় কসমেটিকসসহ মাদক ও চোরাচালানী দ্রব্য আটক করা হয়েছে। আটককৃত মালামালের আনুমানিক মূল্য ১,৪২,৭৮,২৭০/-(এক কোটি বিয়াল্লিশ লক্ষ আটাত্তর হাজার দুইশত সত্তর) টাকা। দায়েরকৃত মামলার সংখ্যা- ১০টি, ধৃত আসামীর সংখ্যা- ১১ জন ও পলাতক আসামীর সংখ্যা-৪ জন। (গ) বিবেচ্য মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৬৫টি অভিযান পরিচালনা করে গাঁজা- ১৩ কেজি ২০০ গ্রাম আটক করা হয়েছে। আটককৃত মালামালের আনুমানিক মূল্য ২,৬২,০০০/-(দুই লক্ষ বাষট্টি হাজার) টাকা। মোবাইল কোর্টের আওতায় মামলা ১৩টি ও নিয়মিত মামলা-০৪টি এবং গ্রেফতারকৃত আসামীর সংখ্যা- ১৭ জন। সভাপতি বলেন যে, মাদকই আইন-শৃঙ্খলা অবনতির মূল কারণ। তিনি মাদক নির্মূলে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ গুরুত্ব দিতে অনুরোধ জানান। ২) পুলিশ সুপার, অধিনায়ক, ১৫ বিজিবি এবং সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট এর নিকট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় সদর উপজেলার বিভিন্ন রুটসহ সীমান্ত এলাকায় চোরাচালানের রুট-গুলোতে চোরাচালান ও মাদক নির্মূলে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান জোরদার ও নজরদারী বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রয়েছে। বিজিবি অধিনায়ক জানান যে, মাদকের পূর্বের রুটে মাদক চোরাচালান হ্রাস পেয়েছে। বর্তমানে কুলাঘাট, চন্দ্রপুর, ও দহগ্রাম রুটে মাদকসহ বিভিন্ন চোরাচালানী মালামাল পাচার হচ্ছে। সভায় জানান হয় যে, অনেক সময় মাদকসেবীগণ মোটর সাইকেলে মাদক পরিবহন করে থাকে। এ সকল যানবাহনের রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স থাকেনা। এদেরকে ধারাবাহিকভাবে চেকিং করলে মাদক পাচার রোধ সহজ হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে চোরাচালানের রুট গুলোতে অস্থায়ীভাবে চেকপোস্ট স্থাপন করে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা ও ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার সময় মাদকসেবী চিহ্নিত করার উপর গুরত্ব আরোপ করা হয়।		

৩	উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা সভাসহ অন্যান্য সভার আয়োজন।	উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় আইন-শৃঙ্খলা কমিটির সভা, সন্ত্রাস ও নাশকতা কমিটি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি এবং চোরাচালান প্রতিরোধ কমিটির সভা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চলমান। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটিসহ সন্ত্রাস ও নাশকতা কমিটি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিগুলো সক্রিয় আছে। সভাপতি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সভাগুলো কার্যকরভাবে অনুষ্ঠানের জন্য নির্দেশনা প্রদান করেন। আলোচনান্তে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভাসহ জঙ্গী তৎপরতা রোধে সন্ত্রাস ও নাশকতা কমিটির কার্যক্রম অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করা হয়।	উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন করে কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪	স্বাস্থ্য বিভাগ, লালমনিরহাট।	সিভিল সার্জন, লালমনিরহাট এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, নভেম্বর, ২০১৯ মাসে প্রাপ্ত পোস্টমর্টেম সংখ্যা- ০৪টি। থানায় রিপোর্ট দেয়া হয়েছে- ০২টি। বর্তমানে রিপোর্ট পেন্ডিং ০২টি। চলতি মাসে ভিকটিম সংখ্যা -১৫টি। থানায় রিপোর্ট প্রদান- ০৬ টি। বর্তমানে ০৯ টি রিপোর্ট পেন্ডিং রয়েছে। চলতি মাসে ইনজুরির সংখ্যা- ১৪১ টি, থানায় রিপোর্ট প্রদান- ১১২ টি। বর্তমানে ২৯ টি রিপোর্ট পেন্ডিং রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ধর্ষণসহ বিভিন্ন মামলার সাথে সংশ্লিষ্ট মামলার ভিকটিমের মেডিকেল রিপোর্ট যথাসময়ে সংশ্লিষ্ট থানার ওসি বরাবর প্রেরণ নিশ্চিত করার উপর পুণরায় গুরুত্ব আরোপ করা হয়।	ধর্ষণসহ বিভিন্ন মামলার সাথে সংশ্লিষ্ট মামলার ভিকটিমের মেডিকেল রিপোর্ট যথাসময়ে সংশ্লিষ্ট থানার অফিসার-ইন-চার্জ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। সিভিল সার্জন, লালমনিরহাট। ২। তত্ত্বাবধায়ক, লালমনিরহাট হাসপাতাল।
৫	পরিবহন সেক্টর, লালমনিরহাট	নভেম্বর, ২০১৯ মাসের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিআরটিএ লালমনিরহাট কর্তৃক মহাসড়কে অবৈধ নছিমন, করিমন, ভটভটিসহ রেজিস্ট্রেশনবিহীন ও ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধে কোন অভিযান পরিচালনা করা হয়নি। সভায় সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট জানান যে, সড়ক নিরাপত্তা আইন ২০১৮ অনুমোদন হওয়ায় মোটর সাইকেলের হেলমেট ব্যবহার নিশ্চিত হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মহাসড়কে অবৈধ নছিমন করিমন, ভটভটিসহ রেজিস্ট্রেশনবিহীন ও ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধে অভিযান পরিচালনার উপর গুরত্ব আরোপ করা হয়।	মহাসড়কে অবৈধ নছিমন করিমন, ভটভটিসহ রেজিস্ট্রেশনবিহীন ও ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধে অভিযান পরিচালনা করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)। ২) সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট।

৬	সড়ক ও জনপথ	সভায় জানানো হয় যে, মহাসড়কগুলোতে পর্যাপ্ত রোড সাইন নেই। সভায় নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ জানান যে, সাসেক্স-৩ এর আওতায় লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কটি ৪ লেনে উন্নীতকরণ কার্যক্রম চলমান থাকায় সাসেক্স-২ প্রকল্পের অধীন মেরামত কাজের জন্য মন্ত্রণালয় হতে অর্থ ছাড় পাওয়া যাচ্ছে না। সভায় সভাপতি বলেন যে, লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কের ক্ষতিগ্রস্থ অংশ সাসেক্স-৩ প্রকল্পের জন্য অপেক্ষা করে বর্তমানে মেরামত করা না হলে যান চলাচলে অসুবিধাসহ জনর্দূভোগ বৃদ্ধি পাবে। তাই লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কের ক্ষতিগ্রস্থ অংশ দ্রুত মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে লালমনিরহাট হতে বুড়িমারী মহাসড়কের ক্ষতিগ্রস্ত রাস্তা দ্রুত মেরামত ও অতিরিক্ত পণ্যবাহী ট্রাক যাতে বুড়িমারী-লালমনিরহাট মহাসড়কে চলতে না পারে সে বিষয়ে সতর্কতা অবলম্বনসহ অতিরিক্ত পণ্যবাহী ট্রাকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) মহাসড়কে প্রয়োজনীয় স্থানে রোড সাইন স্থাপন করতে হবে। ২) অতিরিক্ত পণ্যবাহী ট্রাকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ৩) লালমনিরহাট হতে বুড়িমারী মহাসড়কের ক্ষতিগ্রস্ত রাস্তা দ্রুত মেরামত করতে হবে।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ২) নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ, লালমনিরহাট।
৭	বিদ্যুৎ বিভাগ, লালমনিরহাট	সভায় জানানো হয় যে, লালমনিরহাটে প্রায় সময়েই বিদ্যুৎ থাকে না। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা জানান যে, হাতীবান্ধা ও পাটগ্রাম উপজেলায় অধিকাংশ সময় বিদ্যুৎ থাকে না। ফলে সাধারণ মানুষের মাঝে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। তিনি আরও জানান যে, বিদ্যুৎ সমস্যার কারণে যে কোন সময় আইন-শৃঙ্খলার অবনতি হতে পারে। সভায় নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড, লালমনিরহাট জানান যে, নেসকো লিমিটেড এর আওতায় লালমনিরহাট সদর, কালীগঞ্জ, হাতীবান্ধা ও পাটগ্রামে একজন করে নির্বাহী প্রকৌশলী কর্মরত আছেন। তাই উল্লিখিত সমস্যার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, হাতীবান্ধা ও পাটগ্রাম সভায় উপস্থিত থাকলে এ সমস্যা সমাধানের বিষয়ে জানা যেত। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ জেলার নেসকো লিমিটেডের নির্বাহী প্রকৌশলীগণকে সভায় উপস্থিত থাকার উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) বিদ্যুতের ঘন ঘন লোডশেডিং বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেডগণকে সভায় উপস্থিত থাকতে হবে।	১) নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিমিটেড, লালমনিরহাট/কালীগঞ্জ /হাতীবান্ধা / পাটগ্রাম।
৮	মহিলা বিষয়ক কার্যালয়, লালমনিরহাট।	সভায় জানানো হয় যে, কাজীগণ গোপনে বাল্যবিবাহ রেজিস্ট্রেশন করে থাকেন। ফলে বাল্য বিবাহ সংঘটনের খবর পাওয়া যাচ্ছে। প্রতিটি স্কুলে যৌন হয়রানি সংক্রান্ত কমিটি থাকলেও নিয়মিত সভা অনুষ্ঠান না করায় জনসচেতনতা সৃষ্টি হচ্ছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রতিটি স্কুলে যৌন হয়রানি সংক্রান্ত কমিটির সভা আহ্বান এবং বাল্যবিবাহ রোধে মোবাইল কোর্ট পরিচালনা এবং প্রয়োজনে নিয়মিত মামলা দায়েরেরসহ গণসচেতনতা সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) বাল্যবিবাহ রোধে প্রতিটি স্কুলে যৌন হয়রানি সংক্রান্ত কমিটির সভা করতে হবে। ২) বাল্যবিবাহ রোধে মোবাইল কোর্ট পরিচালনা এবং প্রয়োজনে নিয়মিত মামলা দায়েরেরসহ গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সভা অনুষ্ঠান করতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)। ২) উপজেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট। ৩) অফিসার ইন চার্জ (সকল থানা), লালমনিরহাট। ৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,

৯	বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট	বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট এর অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, রেলওয়ের টিকেট কালোবাজারী রোধে রেলওয়ে নিরাপত্তা বাহিনী সমন্বয়ে বিশেষ নজরদারী রাখাসহ ব্লক চেকিং করা হচ্ছে। সভায় জানানো হয় যে, ট্রেনের ছাদে যাত্রী পরিবহণ করা হচ্ছে। এটি বন্ধ করা উচিৎ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিনা টিকেটের যাত্রীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়।	ট্রেনে বিনা টিকেটের যাত্রীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১)অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট ২) বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, লালমনিরহাট
১০	ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট এর নিকট হতে নভেম্বর/১৯ মাসের প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, লালমনিরহাট সদর উপজেলার ১৪০টি মসজিদে, আদিতমারী উপজেলার ১৬০টি মসজিদে, কালীগঞ্জ উপজেলার ১৪০টি মসজিদে, হাতীবান্ধা উপজেলার ১৩৫টি মসজিদে এবং পাটগ্রাম উপজেলার ১২৫টি মসজিদে মানব পাচার, বাল্যবিবাহ, শিশু ধর্ষণ, যৌতুক, মাদকদ্রব্যের কুফল সম্পর্কে বক্তব্য প্রদান করেছেন। এছাড়াও নভেম্বর/১৯ মাসে পাঁচটি উপজেলার বিভিন্ন মসজিদে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষার শিক্ষক, কেয়ারটেকারসহ বিভিন্ন মসজিদের ইমাম সাহেবদের নিয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ, নারী ও শিশু পাচার, যৌতুক বাল্যবিবাহ ও মাদকদ্রব্য সেবনের কুফল সম্পর্কে খুতবার পূর্বে সচেতনতামূলক আলোচনা করা হয়েছে।	মাদ্রাসার শিক্ষক এবং ইমামগণকে নিয়ে মসজিদে মৌলবাদ, সন্ত্রাস ও জঙ্গীবাদ, যৌতুক, শিশুবিবাহ ও শিশু নির্যাতন বন্ধে প্রচারণাসহ প্রতি শুক্রবার জুম্মার নামাজের খুতবার আগে মুসল্লিদের উদ্দেশ্যে প্রচারণা অব্যাহত রাখতে হবে।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট
১১	আনসার ও ভিডিপি, লালমনিরহাট।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট এর নিকট হতে প্রাপ্ত অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, এ জেলার আনসার ও ভিডিপি সদস্যদের ডাটাবেজ হালনাগাদ করণসহ দলকে সক্রিয় করে এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রচেষ্টা এবং মাদকদ্রব্য, চোরাচালান, বাল্যবিবাহ ও জঙ্গীবাদ বিরোধী সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলকে সক্রিয় করে এলাকার আইন-শৃংখলা স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখা এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে মতবিনিময়/ সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ সভা আহ্বান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলকে সক্রিয় করে এলাকার আইন-শৃংখলা স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে মতবিনিময়/ সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ সভা করতে হবে।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট
১২	মাদকদ্রব্য ও চাঞ্চল্যকর মামলাসমূহে অপরাধের জামিন/খালাস এর বিরুদ্ধে রিভিশন/ আপিল দায়ের সংক্রান্ত।	বিজ্ঞ পিপি, লালমনিরহাট এর নিকট হতে মাদকদ্রব্য ও চাঞ্চল্যকর মামলাসমূহে অপরাধের জামিন/খালাস এর বিরুদ্ধে রিভিশন আপিল দায়ের করার বিষয়ে অগ্রগতির প্রতিবেদন পাওয়া গেছে। দেখা যায়, নভেম্বর, ২০১৯ মাসে অপহরণ, শিশু নির্যাতন, ধর্ষণ, যৌতুক, নিপীড়ন, এসিড মামলা, অপহরণ (দঃবি), খুন, ডাকাতি, মাদক, চোরাচালান ও অস্ত্র বিষয়ক ৩৬৩৩টি মামলার মধ্যে ৪টি মামলায় সাজা ও ৮টি মামলায় খালাস দেয়া হয়েছে। পেন্ডিং মামলার সংখ্যা-৩৬২১টি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জামিন/খালাস এর বিরুদ্ধে রিভিশন/ আপিল দায়ের এবং এ সংক্রান্তে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়।	মাদকদ্রব্য ও চাঞ্চল্যকর মামলা সমূহে অপরাধের জামিন/খালাস এর বিরুদ্ধে রিভিশন/আপিল দায়ের করতে হবে।	১) বিজ্ঞ পিপি, লালমনিরহাট

<table>
<tr>
<td>১৩</td>
<td>গ্রাম আদালতের মামলা সংক্রান্ত</td>
<td>সভায় গ্রাম আদালতের মামলার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, এ জেলায় গ্রাম আদালতের সংখ্যা ৪৫টি।
উপজেলা ভিত্তিক মামলার বিবরণী :
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মামলার জের</th><th>বিবেচ্য মাসে দায়ের</th><th>মোট মামলা</th><th>চলতি মাসে নিষ্পত্তি</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th></tr>
<tr><td>সদর</td><td>১১৫</td><td>১৫</td><td>১৩০</td><td>১৪</td><td>১১৬</td></tr>
<tr><td>আদিতমারী</td><td>২৫</td><td>৮</td><td>৩৩</td><td>১৭</td><td>১৬</td></tr>
<tr><td>কালীগঞ্জ</td><td>১০৭</td><td>৩০</td><td>১৩৭</td><td>২০</td><td>১১৭</td></tr>
<tr><td>হাতীবান্ধা</td><td>১১৩</td><td>৩৩</td><td>১৪৬</td><td>৩০</td><td>১১৬</td></tr>
<tr><td>পাটগ্রাম</td><td>২২৩</td><td>৯</td><td>২৩২</td><td>৮</td><td>২২৪</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৫৮৩</td><td>৯৫</td><td>৬৭৮</td><td>৮৯</td><td>৫৮৯</td></tr>
</table>
নভেম্বর, ২০১৯ মাসের গ্রাম আদালতের মামলা পর্যালোচনায় দেখা যায়, ০৫টি উপজেলায় ৬৭৮টি মামলার মধ্যে নভেম্বর ২০১৯ মাসে ৮৯টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৫৮৯টি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়।</td>
<td>গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।</td>
<td>১) উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, লালমনিরহাট
২) ইউপি চেয়ারম্যান (সকল)।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>বিবিধ</td>
<td>সভায় জনাব চিত্তরঞ্জন রায়, অ্যাডভোকেট, লালমনিরহাট জানান যে, মোটর সাইকেলের হেড লাইটের অর্ধাংশ কালি না দেয়ায় মোটর সাইকেলের আলোতে অনেক সময় দুর্ঘটনা ঘটে। ইতোপূর্বে স্কাউট সদস্যদের মাধ্যমে উপজেলা প্রশাসন মোটর সাইকেলের হেডলাইটের উপরের অংশে কালি লাগানোর কাজটি করেছেন। কিন্তু বর্তমানে উক্ত কার্যক্রম বন্ধ থাকায় রাস্তায় গাড়ি চলাচলে সমস্যা হচ্ছে। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। আলোচনান্তে স্কাউট সদস্যদের মাধ্যমে উপজেলা প্রশাসনের নেতৃত্বে মোটর সাইকেলের হেডলাইটের উপরের অংশে কালি লাগানোর কাজ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসারগণ স্কাউট সদস্যদের মাধ্যমে মোটর সাইকেলের হেডলাইটের উপরের অংশে কালি লাগানোর কাজ বাস্তবায়ন করবে।</td>
<td>১)উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২) সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট</td>
</tr>
</table>

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০১.১৬.১২

তারিখ: ১৯ পৌষ ১৪২৬
০৩ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়,, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) জনাব মোঃ মোতাহার হোসেন, মাননীয় সংসদ সদস্য,, আসন নং- ১৬, লালমনিরহাট- ০১।
৪) জনাব জি এম কাদের, মাননীয় সংসদ সদস্য, আসন নং- ১৮, , লালমনিরহাট- ০৩।
৫) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৬) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৭) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট
৮) অধিনায়ক, ১৫ বর্ডারগার্ড,, লালমনিরহাট।
৯) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট
১০) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১১) তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল,, লালমনিরহাট।
১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট
১৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট
১৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট
১৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট
১৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট
১৭) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১৮) নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড,, লালমনিরহাট।
১৯) নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, লালমনিরহাট
২০) জেলা শিক্ষা অফিসার,, লালমনিরহাট।
২১) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট
২২) বিভাগীয় রেলওয়ে ম্যানেজার,, লালমনিরহাট।
২৩) জেল সুপার, জেলা কারাগার,, লালমনিরহাট।
২৪) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,, লালমনিরহাট।
২৫) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, লালমনিরহাট
২৬) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,, লালমনিরহাট।
২৭) অফিসার ইন চার্জ,, ----------(সকল থানা), লালমনিরহাট।
২৮) উপজেলা শিক্ষা অফিসার,, ----------(সকল), লালমনিরহাট।
২৯) মোটরযান পরিদর্শক, সহকারী পরিচালক (ইঞ্জি:)-এর কার্যালয়, বিআরটিএ,লালমনিরহাট সার্কেল, লালমনিরহাট
৩০) বিজ্ঞ পিপি,, লালমনিরহাট।
৩১) ইউপি চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ,.....লালমনিরহাট।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট